গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
www.doict.fulbaria.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১২০.০০০.০০১.০৬.০০০৩.২৫.৪৭

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর নিয়মিত ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৬ এর তফসিল ঘোষণা।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৫৫.০১৯.২৪.৬৬৩; তারিখ ০১/০৯/২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে আমি নিম্নস্বাক্ষরকারী, আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন প্রবিধানমালা-২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচনের জন্য নিম্নবর্ণিত তফসিল ঘোষণা করলাম।

যে সকল ক্যাটাগরিতে নির্বাচন অনুষ্ঠিত হবে:

(ক) সাধারণ শিক্ষক প্রতিনিধি-০২ জন, সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি-০১ জন, (খ) সাধারণ অভিভাবক প্রতিনিধি-০৪ জন, এবং সংরক্ষিত মহিলা অভিভাবক প্রতিনিধি-০১ জন, (গ) প্রতিষ্ঠাতা প্রতিনিধি-০১ জন (ঘ) দাতা প্রতিনিধি-০১ জন।

ক্রমিক নং	বিবরণ	তারিখ	সময়	স্থান
১	মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ	১৩/০৯/২০২৬খ্রি. ১৪/০৯/২০২৬খ্রি. এবং ১৫/০৯/২০২৬ খ্রি.	প্রতিদিন সকাল ১০টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত	সংশ্লিষ্ট প্রধান শিক্ষক, তাঁর কার্যালয়ে প্রিজাইডিং অফিসারের পক্ষে মনোনয়ন ফরম বিতরণ ও গ্রহণ করবেন।
২	মনোনয়ন পত্র বাছাই এবং বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ	১৬/০৯/২০২৬খ্রি.	১১.০০ টা হতে ০২.০০ টার মধ্যে	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৩	প্রিজাইডিং অফিসার বরাবর মনোনায়ন পত্র প্রত্যাহারের আবেদন।	২০/০৯/২০২৬খ্রি.	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৪	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	২১/০৯/২০২৬খ্রি.	অফিস চলাকালীন	প্রিজাইডিং অফিসারের কার্যালয়
৫	নির্বাচনের জন্য ভোট গ্রহণ	০৫/১০/২০২৬খ্রি.	সকাল ১০.০০ হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত বিরতিহীনভাবে।	আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

বিশেষ দ্রষ্টব্য। উল্লেখ্য যে, ভোটার তালিকাসহ অন্য কোন কারণে নির্বাচন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে। প্রার্থী অথবা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) মনোনয়ন পত্র বাছাই করা হবে। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অনিবার্য কারণে প্রিজাইডিং অফিসার নির্বাচনের ভোটগ্রহণের তারিখ পরিবর্তন করতে পারবেন।

গুরুত্বপূর্ণ নির্বাচনী আচরণ বিধিঃ গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি কোন সদস্য পদে নির্বাচনী প্রচারনায় কোন মিছিল, জনসভা, অভিভাবক সমাবেশ, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোষ্টার, বাইসাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ি বহর ব্যবহার করা যাবে না। নির্বাচনী প্রচারণায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি X ৮.৫ ইঞ্চি সাদা-কালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

০২-০৯-২০২৬
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার ফুলবাড়ীয়া, ময়মনসিংহ ও প্রিজাইডিং অফিসার ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৬ আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
ফোন : +৮৮০২৯৯৬৬৭৫১৪০
ইমেইল : smshariful85@gmail.com

প্রধান শিক্ষক, আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
(তাঁকে নির্বাচনী তফসিলটি প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষে পাঠ, নোটিশ বোর্ডে প্রদর্শনসহ ব্যাপক প্রচার এবং তফসিল অনুযায়ী নির্বাচন সংক্রান্ত কার্যাদি গ্রহন করার জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১২০.০০০.০০১.০৬.০০০৩.২৫.৪৭/১(৫)

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,ফুলবাড়ীয়া,ময়মনসিংহ।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলবাড়ীয়া থানা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। সভাপতি, এডহক কমিটি, আল আমিন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।।

০২-০৯-২০২৬
শরিফুল ইসলাম
উপজেলা আইসিটি অফিসার